বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ফোন ঃ ৯৫৭৪০২৫
ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
E-mail:dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং- ২৪/২০১৯ তারিখঃ ২১-১০-২০১৯ ইং

বিষয়ঃ- বিকেবি মিলিয়নিয়ার স্কীম , বিকেবি মাসিক ডিপোজিট স্কীম ও বিকেবি ডাবল প্রফিট স্কীমের সংশোধনী প্রসঙ্গে।

দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের সাথে সামঞ্জস্য রেখে দীর্ঘ মেয়াদি আমানত ভিত্তি গড়ে তোলার লক্ষ্যে সম্প্রতি ৫টি আকর্ষণীয় আমানতের প্রডাক্ট যথা ত্রৈমাসিক মুনাফা স্কীম, বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম, বিকেবি ডাবল প্রফিট স্কীম এবং বিকেবি লাখপতি স্কীম প্রচলন করা হয়েছে। মাঠ পর্যায়ের সুপারিশ এবং চাহিদার ভিত্তিতে বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম এবং বিকেবি ডাবল প্রফিট স্কীমের নিম্নোক্ত সংশোধনী প্রস্তাব সদয় বিবেচনার জন্য বিগত ১০-১০-২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৪৪ তম সভায় উপস্থাপন করা হয়। পরিচালনা পর্ষদের সদয় অনুমোদনক্রমে "বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম ও বিকেবি ডাবল প্রফিট স্কীমের সংশোধনী" সম্পর্কিত পরিপত্রটি জারি করা হলো। পরিপত্রটি জারির তারিখ হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত চালু থাকবে।

২.০। "বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম এবং বিকেবি ডাবল প্রফিট স্কীম এ হিসাব খোলার জন্য সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা প্রত্যাহারঃ

বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম এবং বিকেবি ডাবল প্রফিট স্কীম হিসাব খোলার জন্য সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা রয়েছে। সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতার জন্য কাংখিত পরিমান হিসাব খোলা সম্ভব হচ্ছে না মর্মে মাঠ কার্যালয় থেকে অবহিত করা হয়। এমতাবস্থায়, অধিক পরিমান হিসাব খোলার সুবিধার্থে মাঠ কার্যালয়ের চাহিদা এবং সুপারিশ মোতাবেক বিকেবি মিলিয়নিয়ার স্কীম, বিকেবি মাসিক ডিপোজিট স্কীম এবং বিকেবি ডাবল প্রফিট হিসাব খোলার জন্য সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা প্রত্যাহার করা হলো। এক্ষেত্রে, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং যথাক্রমে ০৫/২০১৯, ০৬/২০১৯ এবং ০৭/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯ইং এর নিম্নোক্ত সংশোধনী জারি করা হলো ঃ-

ক) বিকেবি মিলিয়নিয়ার স্কীম পরিপত্র নং- ০৫/২০১৯ এর সঞ্চয়ী হিসাব সংক্রান্ত অনুচেছদ নং ১.৪ এর (খ), (ছ), (জ) ও (ঞ) এ সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা প্রত্যাহার করে সংশোধনী জারি করা হলো।

খ) বিকেবি মাসিক ডিপোজিট স্কীম পরিপত্র নং- ০৬/২০১৯ এর সঞ্চয়ী হিসাব সংক্রান্ত অনুচেছদ নং ১.৪ এর (খ), (ছ), (জ) ও (ঞ) এ সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা প্রত্যাহার করে সংশোধনী জারি করা হলো।

গ) বিকেবি বিকেবি ডাবল প্রফিট স্কীম পরিপত্র নং- ০৭/২০১৯ এর সঞ্চয়ী হিসাব সংক্রান্ত অনুচেছদ নং ১.৪ এর (খ) ও (জ) এ সঞ্চয়ী হিসাব থাকার বাধ্যবাধকতা প্রত্যাহার করে সংশোধনী জারি করা হলো।

২.১। উপরোক্ত স্কীমগুলোর আওতায় খোলা হিসাবসমূহ পূর্ববর্তি নিয়মনীতি অনুসরন করবে এবং মেয়াদান্তে সংশ্লিষ্ট হিসাবের মাধ্যমে প্রদেয় টাকা পরিশোধ করা হবে। নতুন করে স্কীমের আওতায় হিসাব খোলার ক্ষেত্রে সঞ্চয়ী হিসাব খোলার বাধ্যবাধকতা থাকবে না, তবে সঞ্চয়ী হিসাব থাকলে উক্ত হিসাব হতে টাকা স্থানান্তর করার সুবিধা দিয়ে হিসাব খোলা উৎসাহিত করতে হবে। কোন গ্রাহক নগদ জমা অথবা হিসাব হতে স্থানান্তরের যেকোন একটি পন্থাই অনুসরন করার সুবিধা পাবে অর্থাৎ একই হিসাবে একবার নগদ জমা আবার সঞ্চয়ী হিসাব হতে স্থানান্তর করা যাবে না।

চলমান পাতা নং ০২

তবে প্রয়োজনে শাখা ব্যবস্থাপক বরারর লিখিত আবেদনের প্রেক্ষিতে মাসিক জমার পদ্ধতি পরিবর্তন করা যাবে। বিকেবি মিলিয়নিয়ার স্কীম পরিপত্র নং- ০৫/২০১৯ এর জন্য এসিএফ-২৫৫ এবং বিকেবি মাসিক ডিপোজিট স্কীম পরিপত্র নং- ০৬/২০১৯ এর জন্য এসিএফ-২৫৬ স্কীম দুইটিতে নতুন দুইটি হিসাব খাত যুক্ত জমা স্লিপ ব্যবহার করার নির্দেশনা দিয়ে সংশোধনী জারি করা হলো ।

৩.০। <u>বিকেবি ডাবল প্রফিট স্কীমের এককালিন জমার পরিমান ১০,০০০/- টাকা বা তার গুণিতক নির্ধারণঃ</u>

বিকেবি ডাবল প্রফিট স্কীম খোলার জন্য বর্তমান প্রচলিত এককালিন জমার পরিমান ১,০০,০০০.০০ টাকা বা তার গুণিতক হতে কমিয়ে ১০,০০০.০০ টাকা বা তার গুণিতক নির্ধারণ করে হিসাব খোলার সুযোগ দেয়ার জন্য মাঠ পর্যায় হতে প্রস্তাব করা হয়েছে। বর্তমান প্রচলিত ১,০০,০০০.০০ টাকা বা তার গুণিতক হতে কমিয়ে ১০,০০০.০০ টাকা বা তার গুণিতক এককালিন জমার পরিমান নির্ধারণ করা হলে অধিক সংখ্যক ক্ষুদ্র ক্ষুদ্র বিকেবি ডাবল প্রফিট স্কীম হিসাব সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ (শানিব্যউবি) পরিপত্র নং ০৭/২০১৯ তারিখঃ ৩১-০৩-২০১৯ইং এর সংশোধনী জারি করা হলো।

অনুমোদনক্রমে-

২১/১০/২০১৯

(মনির উদ্দিন)
মহাব্যবস্থাপক ( চলতি দায়িত্বে)
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৫৯)/২০১৯-২০২০/৫৬৩ তারিখ ঃ ২১-১০-২০১৯ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

২১/১০/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক